দৈনিক
ইনকিলাব

16

তারিখ 03 DEC 1996
পৃষ্ঠা ৭ কলাম ৬

### প্রাইভেট পরীক্ষা দেয়া যাবেনা

## ৭ ডিসেম্বর থেকে এসএসসি'র ফরম বিতরণ শুরু পাঁচ বোর্ডে অভিন্ন প্রশ্নপত্র

মোঃ আবদুর রহিম ।। দেশের পাঁচটি বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য আগামী এসএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার বিধান তুলে দেয়া হয়েছে। যারা এসএসসি প্রাইভেট পরীক্ষা দিতে ইচ্ছুক তাদেরকে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় অংশ নিতে হবে।

আগামী ৭ ডিসেম্বর থেকে এসএসসি পরীক্ষার ফরম বিতরণ শুরু হবে। বিনা ফাইনে ফরম জমা দেয়ার শেষ তারিখ ২১ ডিসেম্বর এবং ফাইনসহ ফরম জমা দানের শেষ তারিখ ২৯ ডিসেম্বর।

উল্লেখ্য, পাঁচ বোর্ডের অধীনে আগামী এসএসসি পরীক্ষা অভিন্ন প্রশ্নপত্রের মাধ্যমে অনুষ্ঠিত হবে।